ইত্তেফাক

তারিখ 05 MAR 1986
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

016

# আগামীকাল এসএসসি পরীক্ষা শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

আগামীকাল (বৃহস্পতিবার) সারা দেশে ৪টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা শুরু হইবে। গতকাল পরীক্ষার্থীদের মধ্যে প্রবেশপত্র বিতরণ শেষ হইয়াছে। বেসরকারী শিক্ষকদের ধর্মঘটের পরিপ্রেক্ষিতে পরীক্ষা গ্রহণের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। ঢাকা বোর্ডের চেয়ারম্যান জানান যে, পরীক্ষা গ্রহণের প্রস্তুতি সম্পন্ন। আমাদের নিজস্ব সংবাদদাতাগণ জেলা প্রশাসকদের বরাত দিয়া জানান যে, পরীক্ষা গ্রহণের প্রস্তুতি সম্পন্ন হইয়াছে। কেন্দ্রসমূহে প্রশ্নপত্র ও উত্তরপত্র পাঠানো হইয়াছে।

এদিকে ঢাকা মেট্রোপলিটন পুলিশ এসএসসি পরীক্ষা কেন্দ্রের ২ শত গজের মধ্যে ১৪৪ ধারা

(১২শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

জারি করিয়া ৪ জনের অধিক লোকের সমাবেশ নিষিদ্ধ করিয়াছে। ৬ই মার্চ হইতে এসএসসি পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এই নির্দেশ বলবৎ থাকিবে।

এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে সার্বিক সমন্বয় ও জরুরী যোগাযোগের জন্য শিক্ষামন্ত্রণালয় মাধ্যমিক শিক্ষা পরিদপ্তরে গতকাল (মঙ্গলবার) একটি কন্ট্রোলরুমের টেলিফোন নম্বর ৪১৮৭২০ ও ৪১৮৭৭৫ এ কন্ট্রোলরুমে রাত অবধি অফিসারগণ দায়িত্বে নিয়োজিত থাকিবে। জেলা সদর দফতর ও প্রতিটি শিক্ষাবোর্ডেও ১টি করিয়া কন্ট্রোলরুম খোলা হইয়াছে।

কর্তৃপক্ষীয় সূত্র জানায়, ঢাকা শহরে ২/১টি স্কুলের হেডমাষ্টারকে পাওয়া যাইতেছে না। বাকী সব স্কুলে প্রবেশপত্র পৌঁছিয়া গিয়াছে। লাপাত্তা হেডমাষ্টারদের স্কুলের ছাত্ররা নিজেরাই বিকল্প ব্যবস্থায় প্রবেশপত্র সংগ্রহ করিতেছে। পরীক্ষা হলে প্রার্থীরা পৌঁছিলে টেবুলেশন শীট অনুযায়ী রোল নম্বরে প্রবেশপত্র পৌঁছানোর ব্যবস্থা থাকিবে।

ঢাকায় পশ্চিম জোনে ৮টি কেন্দ্রে ৪১টি স্কুলের ৩৪০৪ জন পরীক্ষার্থী পরীক্ষা দিবে তন্মধ্যে। শতকরা ৯৫ জন পরীক্ষার্থীর প্রবেশপত্র গতকালের মধ্যে বিলি সম্পন্ন হয়। অতিরিক্ত জেলা প্রশাসক ও পশ্চিম জোন পরীক্ষা কমিটির চেয়ারম্যান মোহাম্মদ মর্তুজা হোসেন মুনশী জানান, ৬ই মার্চ পরীক্ষা আয়োজনের প্রস্তুতি চলিতেছে। পরীক্ষা হলে ইনভিজিলেশনের জন্য সমস্ত স্কুলের শিক্ষকদের নিয়োজিত করা ছাড়াও বিকল্প কিছু ব্যবস্থা রাখা হইবে।

এদিকে প্রশাসনিক কারণে ইনজিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল উপকেন্দ্র টিচার্স ট্রেনিং কলেজে সরাইয়া নেওয়া হইয়াছে। গভর্ণমেন্ট ল্যাবরেটরী হাইস্কুল, ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল, উদয়ন বিদ্যালয়, রাইফেলস পাবলিক স্কুল, রাইফেলস স্কুল, বিসিএসআইআর স্কুল, ধানমণ্ডি হাইস্কুল, রহমতউল্লাহ মডেল হাইস্কুল, সালেহা হাইস্কুলের মোট ২৯৭ জন পরীক্ষার্থীকে এখন টিচার্স ট্রেনিং কলেজে পরীক্ষা দিতে হইবে।